দৈনিক ইত্তেফাক

তারিখ ১৪ মে ১৯৯৮
পৃষ্ঠা ৪ কলাম ১

## ফাজিল ও কামিল পাস ছাত্রদের বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করিতে দেওয়া হউক

সদ্য সমাপ্ত সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে মাননীয় শিক্ষামন্ত্রী বলিয়াছেন যে, ফাজিল ও কামিল পাস মাদ্রাসা ছাত্রদেরকে বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের সুযোগদানের কোন পরিকল্পনা সরকারের নাই। তিনি আরো বলেন, ২য় শ্রেণী/বিভাগে স্নাতক ডিগ্রি অথবা এস,এস,সি বা এইচ,এস,সি বা ইহার সমমানের যে-কোন একটি পরীক্ষায় প্রথম বিভাগসহ স্নাতক ডিগ্রীধারী প্রার্থীরা বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারে। কিন্তু ফাজিল ও কামিল উল্লেখিত ডিগ্রীর সমতুল্য নয়। অথচ বিগত ১৮/৮/৯৭ তারিখের দৈনিক ইত্তেফাকে প্রকাশিত একটি প্রতিবেদনের শিরোনাম ছিল, 'ফাজিল শ্রেণীকে ডিগ্রী ও কামিলকে মাস্টার্স ডিগ্রীর সমমান প্রদানের চিন্তাভাবনা'। উক্ত প্রতিবেদনে বলা হয়, দেশের মাদ্রাসাসমূহের ফাজিল শ্রেণীকে ডিগ্রী এবং কামিল শ্রেণীকে মাস্টার্স শ্রেণীর সমমান দেওয়ার চিন্তা-ভাবনা চলিতেছে। এ লক্ষ্যে মাদ্রাসাগুলিতে প্রচলিত ফাজিল ও কামিল মাদ্রসার একাডেমিক এবং প্রশাসনিক নিয়ন্ত্রণের ভার অর্পণের জন্য একটি স্বতন্ত্র এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হইবে ইতিপূর্বে এরশাদ সরকারের সময় মাদ্রাসার দাখিল শ্রেণীকে এসএসসি এবং আলিমকে এইচএসসি পরীক্ষা সমমান দেওয়া হইয়াছিল। যাহার ফলে মাদ্রাসার ছাত্রগণ সরাসরি মেডিক্যাল কলেজ, ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটিসহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইয়া কৃতিত্বের সহিত ডিগ্রী নিয়া কর্মক্ষেত্রে যোগ দিতে পারিয়াছে।

এমতাবস্থায়, ফাজিল ও কামিল পাস ছাত্রদেরকে বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়ার জন্য বর্তমান সরকারের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

মোঃ মুজাম্মেল হক,
সহকারী শিক্ষক
মীরপুর বাংলা উচ্চ বিদ্যালয়
সেকশন-১/এ, মিরপুর
ঢাকা-১২২১।